

# বুয়েটে স্মার্ট ট্রাফিক পুলিশ বক্স উদ্বোধন

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

২৪ জুন, ২০২৪  
২১:০৫

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

ঢাকা মেট্রোপলিটন পুলিশকে (ডিএমপি) স্মার্ট ট্রাফিক পুলিশ বক্স নির্মাণ করে দিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। পলাশী মোড়ে পাঁচ রাস্তার সংযোগস্থল পলাশী বাজারের পাশে নির্মাণ করা হয়েছে এই দৃষ্টিনন্দন ট্রাফিক পুলিশ বক্স।

সোমবার (২৪ জুন) দুপুরে ট্রাফিক পুলিশ বক্সটি উদ্বোধন করেন বুয়েট উপাচার্য ড. সত্য প্রসাদ মজুমদার ও উপ-উপাচার্য ড. আব্দুল জব্বার খান। এ সময় উপস্থিত ছিলেন ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমানসহ বুয়েটের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানরা।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার বলেন, ‘বাংলাদেশ পুলিশ সারা দেশের জনগণকে প্রতিনিয়ত সেবা দিয়ে যাচ্ছে। যারা আমাদের সেবা দিচ্ছে, আমাদেরও তাদের প্রতি একটা কর্তব্য আছে। এই পলাশীর মোড়ে দায়িত্বরত ট্রাফিক সদস্যদের কথা বিবেচনা করে সিটি করপোরেশনের অনুমোদনক্রমে বুয়েটের পক্ষ থেকে এখানে একটি পুলিশ বক্স তৈরি করা হয়েছে।’

বিশেষ অতিথির বক্তব্যে ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান বলেন, ‘পলাশী মোড় হচ্ছে ট্রাফিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পয়েন্ট।

ট্রাফিক পুলিশ রাস্তায় দায়িত্ব পালন করে থাকে। যার জন্য তাদের রিফ্রেশমেন্টের প্রয়োজন হয়। সে জন্য এই ট্রাফিক বক্সটা অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে।’

